

‘মাননীয়’ বলার প্রয়োজন নেই, ঢাবি শিক্ষার্থীদের প্রধানমন্ত্রী

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১২ মে ২০২৬, ১৩:১৯



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানের প্রশ্নপর্বে তাকে ‘মাননীয়’ বলার প্রয়োজন নেই বলে জানিয়েছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

মঙ্গলবার (১২ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে শিক্ষার্থীদের সঙ্গে এক বৈঠকে তিনি এমন অনুরোধ করেন।

বৈঠকটির শুরুতেই তারেক রহমান শিক্ষার্থীদের সঙ্গে সরাসরি প্রশ্নোত্তর পর্ব শুরু করেন।

এ সময় তাকে প্রশ্ন করেন মোবাস্বেরুজ্জামান হাসান।

এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত ‘বাংলাদেশে উচ্চশিক্ষা রূপান্তর: টেকসই উৎকর্ষতার রোডম্যাপ’ শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন